গাংনীতে ফেন্সিডিলসহ যুবক আটক

মেহেরপুরের গাংনীতে ১৫ বোতল ফেন্সিডিলসহ মোঃ সোহেল রেজা (৩৬) নামের এক ব্যক্তিকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

আটক সোহেল রেজা রাজবাড়ী জেলার পাংশা থানার সজজিৎপুর (শ্মশান পাড়া) গ্রামের মৃত নুরুল ইসলামের ছেলে।

সোমবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের নওদাপাড়া (মাঠপাড়া) এলাকা থেকে তাকে আটক করা হয়।

জানা গেছে, মাদক পাচার হচ্ছে এমন গোপন সূত্রে খবর পেয়ে ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকারসহ সঙ্গীয় ফোর্স নওদাপাড়া (মাঠপাড়া) এলাকায় অভিযান পরিচালনা করে সোহেল রেজাকে আটক করা হয়। এসময় তাকে তল্লাশি করে তার কাছ থেকে ১৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

তার বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু হয়েছে।

গাংনীতে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায়

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন তৃতীয় ধাপের মেহেরপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনে ভুল বাঁশি বাজাবেনা প্রশাসন। আমাদের ভুল বাশিতে কেউ বিজয়ী হবে সেটা হবে না। নির্বাচনে ভোটারদের ভোট পেয়েই নির্বাচিত হতে হবে। যার ফলে বাইরে ঘোরাঘোরি না করে ভোটারদের দ্বারে দ্বারে গিয়ে ভোট প্রার্থনা করেন।

সোমবার দুপুরে উপজেলা সম্মেলন কক্ষে তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির

বক্তব্য তিনি এ কথা গুলো।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমি খানমের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম, জেলা নির্বাচন কর্মকর্তা আবু আনসার, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ, গাংনী থানা অফিসার ইনচার্জ ওসি আব্দুর রাজ্জাক।

অনুষ্ঠানে উপজেলা সহকারী কমিশনার নাজমুল আলমের পরিচালনায় মহিলা ভাইস-চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা নির্বাচন কর্মকর্তা আব্দুল আজিজ, উপজেলা শিক্ষা অফিসার ও রিটানিং কর্মকর্তা আলাউদ্দিন, জনস্বাস্থ্য কর্মকর্তা মাহফুজুর রহমান কল্লোল প্রমুখ।

সহ আইন শৃঙ্খলা বাহিনীর বিভিন্ন ইউনিটের সদস্য, নির্বাচনে অংশ গ্রহনকারী বিভিন্ন চেয়ারম্যান ও মেম্বার প্রার্থীরা উপস্তিত ছিলেন। অনুষ্ঠানে পুলিশ সুপার রাফিউল আলম বলেন, আইনের বাইরে পুলিশ কাজ করবে না। কারো পক্ষে পুলিশ কাজ করবে না। সাধারণ ভোটাররা যাতে স্বাধীনভাবে ভোট কেন্দ্রে যেতে পারে পুলিশ সেই ব্যবস্থা করবে।

হরিণাকুণ্ডুতে উপজেলা পরিষদ সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে উপজেলাতে পরিষদ সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২২ নভেম্বর)সকাল ১১টায় উপজেলা পরিষদ সন্মেলন কক্ষে উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন এর সভাপতিত্বে,উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার পরিচালনায় সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

এতে উপস্থিত ছিলেন,হরিনাকুন্ডু উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহমেদ,মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার মহিউদ্দীন মাষ্টার,প্রেস ক্লাব সভাপতি এম সাইফুজ্জামান তাজু, সাধারন

সম্পাদক এইচ মাহাবুব মিলু, ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলু,মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন,ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান,মঞ্জুর আলম,গোলাম মোস্তফা,ছমির উদ্দীন,মোহাম্মদ আলী,শরাফত দৌলা ঝন্টু,মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, সমাজসেবা অফিসার শিউলি রানী,সমবায় অফিসার মোছাঃ কামরুন্নাহার,কৃষি অফিসার হাফিজ হাসান,যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেন,প্রাণী সম্পদ কর্মকর্তা মশিউর রহমান,নির্বাচন কর্মকর্তা মোঃ নূর উল্লাহ সহ পরিষদের বিভিন্ন দপ্তর প্রধানগণ। অনুষ্ঠানে উপজেলা পরিষদ দপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়গুলো তুলে ধরে মতামত পেশ করা হয়।

ঝিনাইদহের কালীচরণপুর ইউনিয়ন আ. লীগের মনোনয়ন পরিবর্তনের দাবিতে মানববন্ধন

আগামী ২৩ ডিসেম্বর ৪র্থ ধাপে অনুষ্ঠেয় ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত চেয়ারম্যান প্রার্থী পরিবর্তনের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন ও সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়নে নৌকা প্রতিকের মনোনয়ন পরিবর্তনের দাবিতে ইউনিয়ন আওয়ামী লীগের ব্যানারে এ কর্মসূচী পালিত হয়।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই ইউনিয়ন আওয়ামী লীগের তৃণমুল নেতাকর্মীসহ নানা শ্রেণী পেশার কয়েক’শ নারী-পুরুষ অংশ নেয়। পরে প্রেসক্লাব মিলনায়তনে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুন্সী আব্দুস সাত্তার, সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন, সহ-সভাপতি মোদাচ্ছের হোসেন মেম্বর, মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন আহম্মেদ, আজিজুর রহমান তিতু, আব্দুল গফুর, ইউপি সদস্য পিন্টু শিকদার, মিজানুর রহমান মিজু, উজ্জল হোসেন, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা ফজল মন্ডল, কবির হোসেন, জয়নাল হোসেন, নওশের খাঁ, মকবুল

বিশ্বাস, খলিল বিশ্বাস, যুবলীগ নেতা হারুন-অর-রশিদ, ছাত্রলীগ নেতা হারুন মিয়াসহ অন্যান্যরা।

এসময় বক্তারা বলেন, বর্তমান চেয়ারম্যান কৃষ্ণ পদ দত্ত শারিরীক ভাবে অসুস্থতার কারণে গত ২ বছর একজন ইউপি সদস্য ভারপ্রাপ্ত হিসেবে দ্বায়িত্ব পালন করছেন। আসন্ন নির্বাচনে আবারো তাকে নৌকা প্রতিকে দলীয় মনোনয়ন দেওয়া হয়েছে। বক্তারা, তার মনোনয়ন বাতিল করে অন্য যোগ্য কোন প্রার্থীকে দেওয়ার জন্য মনোনয়ন বোর্ডের চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানান।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আলিম পরীক্ষার্থী নিহত

মেহেরপুর শহরের শিল্পকলা একাডেমী মোড়ে সড়ক দুর্ঘটনায় আলমগীর হোসেন (২১) নামের এক আলিম পরীক্ষার্থী নিহত হয়েছে।
আজ সোমবার সকাল সাড়ে ১১টায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আলমগীর হোসেন গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া হাটপাড়ার তৌফিক এলাহির ছেলে। সে মেহেরপুর দারুল উলুম আহমদিয়া মাদ্রাসা থেকে আসন্ন আলিম পরীক্ষার্থী ছিল।

সড়ক দুর্ঘটনায় নিহতের স্বজনদের আহাজারি

নিহত আলমগীর হোসেনের বন্ধু রাকিবুল ইসলাম জানান, তারা মেহেরপুর শহরের কোর্ট মোড় থেকে মোটরসাইকেল যোগে হোটেল বাজারের দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে শিল্পকলা মোড়ে স্প্রিড ব্রেকারের সামনে একটি ইজিবাইকের সাথে মুখোমুখি ধাক্কা লাগে। এসময় মোটরসাইকেল আরোহী দুজন সড়কে ছিটকে পড়ে। এতে আলমগীর হোসেন মাথায় আঘাত পায়। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে সেখানে চিকিৎসা শুরু করার পরপরই সে মারা যায়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের ইমার্জেন্সী চিকিৎসক বেলাল হোসেন জানান, মাথায় আঘাত লাগায় অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় শিশু রোজা’র মৃত্যু

আবারও স্যালোইঞ্জিনা চালিত স্ট্রিয়ারিং গাড়ি লাটা হাম্বার চাকায় স্পৃষ্ট হলো রোজা (৭) নামের এক শিশুর প্রাণ।

রোজা গাংনী উপজেলার গোপালনগর গ্রামের চাতরপাড়া এলাকার সিঙ্গাপুর ফেরত আসাদুজ্জামানের একমাত্র মেয়ে ও গোপালনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেনীর ছাত্রী।

আজ সোমবার (২২ নভেম্বর) বেলা পৌণে ১১ টার দিকে গাংনী- চাঁন্দামারী রাস্তার আড়পাড়া বাজারের উপর এ দূর্ঘটনা ঘটে।

এঘটনায় আহত হয়েছেন শিশুটির বাবা আসাদুজ্জামান (৩৮)। স্থানীয় প্রত্যাক্ষদর্শি সানোয়ারা হোসেন জানান,মোটরসাইকেল যোগে নিহত শিশুটির বাবা মাসহ তিনজন যাচ্ছিলেন।আড়পাড়া বাজারের পার হয়ে ধান বোঝায় একটি স্ট্রিয়ারিং লাটা হাম্বাও একেই দিকে যাচ্ছিলো।লাটা হাম্বাকে ওভারটেক করে বের হওয়ার সময় সামনেই পড়ে একজন পথচারী। তাকে বাঁচাতে গিয়ে লাটা হাম্বার সামনের রডের সাথে ধাক্কা লেগে শিশুটি চাকার তলে পড়ে যায়। সাথে সাথে শিশুটিকে উদ্ধার করে গাংনী উপজেলা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক সত্যতা নিশ্চিত করে বলেছেন, নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। লিখিত অভিযোগের ভিত্ত্বিতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

বাবা মায়ের সামনেই পড়ে রইলো রোজা’র নিথর দেহ

বাবা মায়ের সামনেই পড়ে রইলো এক মাত্র শিশু কন্যা রোজা’র নিথর দেহ।বাকরুদ্ধ বাবা পাথর চোখে ফ্যাল ফ্যাল করে শুধুই দেখছে। আর মা মৌসুমি খাতুন বার বার মোর্ছা যাচ্ছেন।শুধু বাবা মা ই নয়,

মামা শাকিবুল, নানা আজিজুল হকও শোকে পাথর।

বাবা আসাদুজ্জামান জানান, কয়েকদিন ধরেই নানা বাড়ি বের গ্রামে যাওয়ার জন্য বায়না ধরেছিল রোজা।আজ সকালে নানা বাড়ি যাওয়ার জন্য সকাল থেকেই সাজছিল সে।আমরা কি জানতাম এটাই ছিল রোজা শেষ সাজু করা।

মামা শাকিবুল জানান, বারবার ফোনে বলছিলো মামা আমি আসছি। তোমার সাথে ঘুরবো। তোমাদের মাঠে যাবো।এখন আমি কাকে সাথে নিয়ে যাবো। কে আমার সাথে ঘুরবে।

গাংনীতে জোড়া খুন মামলার আসামীর ধান ছিনিয়ে নিয়েছে গ্রামবাসি

গাংনীর লক্ষিনারায়ানপুর-ধলা গ্রামের জোড়া খুন মামলার এজাহার নামীয় পলাতক আসামী আব্দুল হান্নানের জমির ধান কেটে নিয়ে যাওয়ার সময় ছিনিয়ে নিয়েছেন গ্রামবাসি।
এ নিয়ে আসামী আব্দুল হান্নানের শশুর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী অবশেষে গাংনী থানার স্বরনাপন্ন হয়েছেন।
আব্দুল হান্নানের ছেলে মিঠু হোসেন (১৫) জানান, লক্ষিনারায়নপুর-ধলা গ্রামের জুগুগাড়ির মাঠে আমাদের ২ বিঘা জমিতে ধান ফসল আছে। গতকাল রোববার সকাল থেকে ধান কাটা হয়েছে। বিকালের দিকে গাড়িতে করে ধান তুলে নিয়ে যাওয়ার সময় তারা দুই গাড়ি ধান ছিনিয়ে নিয়ে যায়।
লক্ষিনারায়নপুর ধলা গ্রামের পল্টু হোসেন, লাল্টু হোসেনের নেতৃত্বে ১০/১২ জন লোক ধারালো হাসুয়া ধরে ধানের গাড়িসহ ছিনিয়ে নিয়ে যায়।
মিঠু হোসেন জানান, আমার বাবা হত্যা মামলার আসামী হতে পারে। আমাদের ফসল তো কারোর ক্ষতি করেনি। আমাদের ফসল আমরা কেটে নিচ্ছি। তারা ছিনিয়ে নেবেন কেনো।
মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী জানান, আমি মামলার আইও গাংনী থানার

তদন্ত অফিসাররের কাছে এসেছি। পুলিশ আমাদের যেভাবে নির্দেশ দেবেন সেভাবেই আমরা কাজ করছি।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় এনজিও কর্মী গুরতর আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে বাসের ধাক্কায় মউকের প্রোগ্রাম অফিসার আলমগীর হোসেন গুরতর আহত হয়েছেন।

গতকাল রবিবার সন্ধ্যার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে অয়ন ফিলিং ষ্টেশনের সামনে দুর্ঘটনাটি ঘটে। আহত আলমগীর হোসেন মেহেরপুর সদর উপজেলার হিজুলি গ্রামের মুক্তিযোদ্ধা শামসুল হকের ছেলে।
জানা গেছে, আলমগীর হোসেন মোটরাসাইকেলে ওই পাম্পে তেল আনতে যাচ্ছিলেন। তেল পাম্পের নিকট পৌছানো মাত্রই মেহেরপুর থেকে ছেড়ে যাওয়া সোহাগ পরিবহণ (যার নং ঢাকা মেট্রো-ব-১৪-৮৭৭১) তাকে ধাক্কা মারে। এতে আলমগীর হোসেন রাস্তার পাশে ছিটকে পড়ে মারাত্বক আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন ।

অনলাইন জুয়ার খপ্পরে মেহেরপুরের অর্ধশত তরুণ

ওয়ানএক্সবেট, বেট৩৬৫সহ বিভিন্ন অ্যাপস ব্যবহার করে অনলাইন জুয়ার খপ্পরে পড়েছে মেহেরপুরের অর্ধশত তরুণ। এদের সকলের বয়স ২০ থেকে ৩৫ এর মধ্যে। এমনই তথ্য মিলেছে সম্প্রতি সিআইডি সদর দপ্তর ও মেহেরপুর সাইবার ক্রাইম বিভাগ কয়েকজনকে আটক করার পর। এ ঘটনার পর

এলাকায় অনলাইন জুয়া নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে।

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর, যতারপুর, গোপালপুর, সদর উপজেলার ইসলামপুর, বারাদি, দরবেশপুর, শহরের বেশ কিছু পয়েন্টে অনলাইন জুয়াতে তরুণরা ঝূঁকে পড়েছে বলে বিভিন্ন সময় অভিযোগ পাওয়া যায়। এই অঞ্চলের তরুণদের মাঝে অস্বাভাবিক জীবনযাপন করার প্রবণতাও লক্ষ্যে করা গেছে।

খোঁজ নিয়ে জানা গেছে, ইয়ামাহা আর১৫, ইয়ামাহা ভার্সন ৩, সুজুকি জিক্সার এবিএস ভার্সনসহ দামি ব্রাণ্ডের মোটরসাইকেল, অ্যাপল ব্রাণ্ডের মোবাইল ফোন তরুণদের ব্যবহার করতে দেখা যাচ্ছে। কোমরপুর ও ইসলামপুর এলাকায় এমন দামি ব্রাণ্ডের মোটরসাইকেল অর্ধশতাধিক তরুণ ব্যবহার করে বলেও তথ্য পাওয়া গেছে। যার ফলে এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ডসহ অনৈতিক কর্মকাণ্ড বেড়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

জানা গেছে, গত ২ নভেম্বর সন্ধ্যা রাতে মেহেরপুর সদর উপজেলার ইসলামপুর ব্রীজ থেকে জনি ও মেহেদী নামের দুই তরুণকে আটক করে মেহেরপুর সাইবার ক্রাইম বিভাগ। পরে ১৩ নভেম্বর সিআইডি সদর দপ্তর মেহেরপুর, চুয়াডাঙ্গা ও কক্সবাজারে অভিযান চালিয়ে ৯জনকে আটক করে। পৃথক এ অভিযানে আটক ১১ জনের মধ্যে মেহেরপুরের ৭জন। সাতজনই একইভাবে অনলাইন জুয়া ওয়ানএক্সবেট, বেট৩৬৫ মোবাইল অ্যাপসহ কয়েকটি অনলাইন জুয়া প্লাটফর্মের মাধ্যমে বিদেশে টাকা পাচার করছে। বিশেষ করে মোবাইল ব্যাঙ্কিং এই অর্থ লেনদেনের মূল হাতিয়ার। বিকাশ, নগদসহ বিভিন্ন মোবাইল ব্যাঙ্কিং এজেন্টদের সিম ব্যবহার করে এই অর্থ লেনদেন করা হচ্ছে। অস্বাভাবিক লেনদেনের মাধ্যমে অল্পদিনেই এসব এজেন্টরাও ফুলে ফটে উঠছে।এদের আটকের আগে জেলা থেকে প্রতিদিন ৩থেকে৫ কোটি টাকা পর্যন্ত লেনদেন হতো। যার অধিকাংশই বিদেশে পাচার হয়।

এলাকায় খোঁজ নিয়ে জানা গেছে, পুলিশের হাতে আটক মেহেদী হাসান (২২)। মেহেরপুর সদর উপজেলার ইসলামপুর গ্রামের পল্লী চিকিৎসক আব্দুল কাদেরের ছেলে। কুষ্টিয়ার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনার্স শেষ বর্ষের শিক্ষার্থী।
অপর আটক তরুণ মো: জনি মিয়া (২০)। একই গ্রামের মানিক মিয়ার ছেলে। আট থেকে দশ বছর আগে বাস করতো মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে। পরে ইসলামপুরে নানার বাড়িতে চলে আসে। সেখানেই বসবাস করে তারা। জনি মেহেরপুর সরকারি কলেজে অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থী।

গত ২ নভেম্বর সন্ধ্যা রাতে গ্রামের ব্রীজে বসে দুই বন্ধু গল্প করছিলো। গল্পের মাঝে হানা দিয়ে তাদের আট করে মেহেরপুর সাইবার অপরাধ বিভাগের একটি টিম। তাদের জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পারে প্রায় ৪০ জনের একটি টিম অনলাইন জুয়া ওয়ানএক্সবেটে কাজ করে। এদের মধ্যে তারা দুজন। জনি ইতোমধ্যে গত মাসে জুয়া খেলে ১৭ লাখ টাকা লাভ করেছে বলেও পুলিশের এই বিভাগটিকে জানায়। জনি ব্যক্তিগতভাবে ব্যবহার ইয়ামাহা আর১৫ মডেলের দামি মোটরসাইকেল ও আইফোন ১২প্লাস মডেলের মোবাইল ফোন। পরে তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়। যার মামলা নম্বর-৩।

এই দুইজনের মধ্যে জনিকে নিয়ে এলাকায় নানা আলোচনা হয়। জনির প্রতিবেশী হাফিজুল ইসলাম জানান, জনির জীবনযাপন দেখে তার অর্থের উৎস কি জানতে চাইলে সে বলতো একটি কোম্পানিতে চাকরি করি। এর কিছু বলেনা। তবে জনির নানি রাবেয়া খাতুনসহ তার পরিবারের সদস্যরা জনিকে ভালো ছেলে বলেই আখ্যায়িত করেন।
তবে মেহেদীর পিতা আব্দুল কাদের তার ছেলেকে নির্দোষ দাবি করে বলেন, তার ছেলে জনির সাথে ঘুরতো। পুলিশ তার ছেলেকে জনির সাথে পেয়ে ধরে নিয়ে গেছে।

তবে কোমরপুরের মাহফুজুর রহমান নবাব নামের আরেক তরুণ রাজধানীতে লেখাপড়া করতে গিয়ে জড়িয়ে পড়েন অনলাইন জুয়ায়। তার স্ত্রীকে মনিরা আক্তারকেও নামান এই পথে। গত ১৩ নভেম্বর কক্সবাজার থেকে এ দম্পতিকে আটক করে সিআইডির একটি টিম। পৃথকভাবে ১১ জন আটক হলেও মেহেরপুরের ৭ জনের তথ্য রয়েছে মেহেরপুর সাইবার অপরাধ বিভাগের কাছে।

সিআইডির অভিযানে আটক আসলাম উদ্দীনের বাড়ি মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামে। আসলাম উদ্দীনের বারাদি বাজারে মোবাইল ব্যাঙ্কিংয়ের এজেন্ট ব্যবসা রয়েছে। তার এ এজেন্টের মাধ্যমে লেনদেন করা হতো জুয়ার টাকা। এমন তথ্য রয়েছে সিআইডির কাছে।

মেহেরপুর সাইবার ক্রাইম বিভাগের ইনচার্জ এসআই তরিকুল ইসলাম বলেন, ইসলামপুর থেকে আটক দুইজনই অনলাইন জুয়া ওয়ানএক্স বেটের সাথে জড়িত। এদের মধ্যে জনি মিয়া এজেন্ট। সে জিজ্ঞাসাবাদে গত মাসে ১৭ লাখ টাকা লাভ করেছে বলে স্বীকার করেছে। তাদের সাথে জড়িত অর্ধশতের জনের তথ্য পাওয়া যাচ্ছে। অনলাইন জুয়া নিয়ে কোন আইন না থাকায় তাদের অর্থ অনলাইনের মাধ্যমে লেনদেন করায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দেওয়া হচ্ছে।

মেহেরপুরের পুলিশ সুপার মো: রাফিউল আলম বলেন, আটক দুই জনের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা দায়ের করা হয়েছে। তারা ১৬৪ ধরায় স্বাকীরোক্তীমূলক জবানবন্দীতে অনলাইনে জুয়া খেলার কথা স্বীকার করেছে এবং কারা জড়িত আছে তাদেরও তথ্য দিয়েছে। আমরা ইতমধ্যে সাইবার অপরাধ বিভাগ নামে একটি বিভাগ করেছি। যারা এই ধরণের কর্মকাণ্ড নিয়ে কাজ করছে। তথ্য প্রমান সাপেক্ষে বাকিদের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা হবে।

তিনি আরো বলেন, মেহেরপুরে যেন এ ধরণের অপরাধে আর কেউ জড়িত না হয় সেজন্য কঠোর নজরদারিতে রাখা হয়েছে।

ঝিনাইদহ সদরে ইউপি নির্বাচনে ৮ নতুনমুখসহ নৌকার মনোনয়ন পেলেন যারা

আগামী ২৩ডিসেম্বর ৪র্থ ধাপের নির্বাচনে ঝিনাইদহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নের মধ্যে ১৫ টিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। রোববার দুপুরে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে দলীয় প্রার্থী চূড়ান্ত করেছে আওয়ামী লীগের কেন্দ্রীয় মনোনয়ন বোর্ড।
৮জন নতুন মুখসহ ৭জন বর্তমান চেয়ারম্যান মনোনয়ন পেয়েছেন। নৌকার মনোনিত নতুন প্রার্থীরা হলেন ১নং সাধুহাটি ইউনিয়নে শফিউদ্দিন মিন্টু, ২নং মধুহাটি ইউনিয়নে আলমগীর আজাদ সম্রাট, ৩নং সাগান্না ইউপিতে শেখ মোজাম্মেল হোসেন, ৪ নং হলিধানী ইউনিয়নে আবুল হাসেম মিয়া, ৬নং গান্না ইউনিয়নে আতিকুল হাসান মাসুম, ৭নং মহারাজপুর ইউনিয়নের আরিফ আহম্মেদ জনি, ১৩নং ফুরসন্দি ইউনিয়নে শিকদার শহিদুল ইসলাম, ১৭নং নলডাংগা ইউনিয়নে রেজাউল ইসলাম রেজা।

এছাড়া বর্তমান চেয়ারম্যান যারা আবার নতুন করে মনোনয়ন পেলেন ৫নং কুমড়াবাড়িয়া ইউনিয়নে আশরাফুল ইসলাম, ৯নং পোড়াহাটি ইউনিয়নে শহিদুল ইসলাম হিরন, ১০নং হরিশংকরপুর ইউনিয়নে আব্দুল্লাহ আল মাসুম, ১১নং পদ্মাকর ইউনিয়নে নিজামুল গণি লিটু, ১২নং দোগাছি ইউনিয়নে ইচাহাক আলী জোয়াদ্দার, ১৪নং ঘোড়শাল ইউনিয়নে পারভেজ

মাসুদ লিল্টন এবং ১৫নং কালীচরণ পুর ইউনিয়নে কৃষ্ণ পদ দত্ত। তাছাড়া ৮নং পাগলা কানাই ইউনিয়ন এবং ১৬নং সুরাট ইউনিয়নে সীমানা সংক্রান্ত জটিলতায় নির্বাচন স্থগিত রয়েছে।
আওয়ামী লীগের মনোনীত এই ১৫ প্রার্থী আগামী ২৩ ডিসেম্বর নৌকা প্রতীকে চেয়ারম্যান পদে লড়বেন।